

# শিরোনাম: দুই বন্ধু এবং একটি ভাল্লুক

দুই বন্ধু ছিল। তারা একদিন বনে বেড়াতে গিয়ে বনের গভীরে চলে গেল। হঠাৎ এক ভাল্লুককে তারা দেখে দুজনেই পালাতে লাগল। এক বন্ধু গাছে চড়তে জানত, তাই সে অন্য বন্ধুকে ছেড়ে প্রাণের ভয়ে গাছে উঠে পড়ল। অপর বন্ধু কোনো উপায় না পেয়ে মরার মত হয়ে নিঃশ্বাস বন্ধ করে মাটিতে শুয়ে পড়ল। ভাল্লুক এসে দ্বিতীয় বন্ধুকে শুঁকে চলে গেল। কারণ ভাল্লুক মরা মানুষ খায় না। তারপর প্রথম বন্ধু গাছ থেকে নেমে এসে দ্বিতীয় বন্ধুকে জিজ্ঞাসা করল, ভাল্লুকটা তোর কানে কানে কী বলল? তখন দ্বিতীয় বন্ধু প্রথম বন্ধুটিকে বলল, যে বন্ধু বিপদের সময় ফেলে চলে যায় সে প্রকৃত বন্ধু নয়।

**নীতি কথা: অসময়ে যে পাশে থাকে সেই প্রকৃত বন্ধু।**

Scanned with OKEN Scanner